গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০২০.২০.৬১১

তারিখ: ৩০ চৈত্র ১৪২৯
১৩ এপ্রিল ২০২৩

বিষয়: কয়েকটি পৌরসভায় নির্বাচনের লক্ষ্যে হালনাগাদ তথ্য প্রেরণ।

সূত্র : ১. বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০(অংশ-১)-৪১০, তারিখ: ০৭ নভেম্বর ২০২২
২. আইন ও বিচার বিভাগের স্মারক ১০.০০.০০০০.১৩৫.৩৩.০০৩.২০২৩(রিট-২)-২৩, তারিখ: ০৩ এপ্রিল ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে দেশের নিম্নবর্ণিত ১৩(তের)টি পৌরসভার সীমানা নির্ধারণ, ওয়ার্ড বিভাজন ও মামলা নিষ্পত্তি সংক্রান্ত চাহিত তথ্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো:

| ক্রমিক | জেলা | পৌরসভার নাম | সীমানা নির্ধারণ/ ওয়ার্ড বিভক্তি সংক্রান্ত কোন কার্যক্রম অনিষ্পন্ন রয়েছে কিনা? | কোন মামলা চলমান থাকলে, মামলা নং | মামলার সর্বশেষ অবস্থা | নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে প্রতিবন্ধকতা রয়েছে কিনা? |
|---|---|---|---|---|---|---|
| ১. | পিরোজপুর | ভাণ্ডারিয়া | নেই | রিট পিটিশন নং-৯৬৪৭/২০১৬ | মামলা চূড়ান্ত নিষ্পত্তিকৃত | নেই |
| ২. | চাঁদপুর | ছেংগারচর | নেই | রিট পিটিশন নং-১৫৪৭/২০২০, ৪৬১৩/২০২১ | মামলা চূড়ান্ত নিষ্পত্তিকৃত | |
| | | | | রিট পিটিশন নং-৯৭৪/২০২০, ৪৬১৩/২০২১ ও ৫৫০৯/২০২২ | শুনানীর অপেক্ষায় রয়েছে | |
| ৩. | কুমিল্লা | দেবিদ্বার | নেই | সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং-১২৭৪/২০২০ (রিট পিটিশন নং-৩১৭১/২০০৯ হতে উদ্ভূত) | শুনানীর অপেক্ষায় রয়েছে | |
| ৪. | যশোর | বেনাপোল | নেই | রিট পিটিশন নং-৪৩১৩/২০১৪, ১০৬৪০/২০১৫ ও ১০৪১৭/২০১৭ | শুনানীর অপেক্ষায় রয়েছে | |
| ৫. | নরসিংদী | শিবপুর | নেই | রিট পিটিশন নং-৮২০৯/২০১৪ | মামলা সংক্রান্ত কোন তথ্য মাননীয় হাইকোর্ট বিভাগের সংশ্লিষ্ট শাখা হতে পাওয়া যায়নি। | উক্ত মামলাসমূহের তথ্য না পাওয়া যাওয়ায়, সলিসিটর অনুবিভাগ কর্তৃক মতামত প্রদান করা সম্ভব হচ্ছে না মর্মে পত্রে উল্লেখ করা হয়েছে। |
| ৬. | চট্টগ্রাম | দোহাজারী | ওয়ার্ড বিভক্তির কার্যক্রম সম্পন্ন | রিট পিটিশন নং ১২৪৫৮/২০১৫ | | |
| ৭. | পিরোজপুর | মঠবাড়িয়া | নেই | রিট পিটিশন নং-৭৪২৫/২০১৩ | | |
| ৮. | হবিগঞ্জ | আজমিরীগঞ্জ | নেই | সিভিল রিভিশন নং ২৫৫১/২০০৬ | | |
| ৯. | নারায়ণগঞ্জ | সোনারগাঁও | সম্প্রতি সোনারগাঁও পৌরসভা সীমানা সংকোচন করা হয়। পৌরসভার সীমানা নির্ধারণ সংক্রান্ত কোন ইস্যু অনিষ্পন্ন নেই। উক্ত পৌরসভা হতে যে এলাকা কর্তন করা হয়েছে, তা মোগরাপাড়া ইউনিয়নে অন্তর্ভুক্তির কার্যক্রম চলমান রয়েছে। | নেই | নেই | নেই |

E:\নির্বাচন\পত্র.docx

| ক্রমিক | জেলা | পৌরসভার নাম | সীমানা নির্ধারণ/ ওয়ার্ড বিভক্তি সংক্রান্ত কোন কার্যক্রম অনিষ্পন্ন রয়েছে কিনা? | কোন মামলা চলমান থাকলে, মামলা নং | মামলার সর্বশেষ অবস্থা | নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে প্রতিবন্ধকতা রয়েছে কিনা? |
|---|---|---|---|---|---|---|
| ১০. | চট্টগ্রাম | হাটহাজারী | ০৯ আগস্ট ২০১২ তারিখে হাটহাজারী পৌরসভা গঠিত হয়। ওয়ার্ড বিভক্তি করা হয়নি। হাটহাজারী পৌরসভার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে গত ২৮ এপ্রিল ২০২২ তারিখে শহর এলাকা ঘোষণা করা হয়। প্রস্তাবিত এলাকায় পৌরসভার সীমানা সম্প্রসারণের মানদণ্ডসমূহ পূরণ করে কিনা, এ সংক্রান্ত তথ্য প্রদানের জন্য গত জুন/ ২০২২ মাসে জেলা প্রশাসক, চট্টগ্রাম-কে অনুরোধ করা হয়। কিন্তু, এখনও তথ্য পাওয়া যায়নি। | নেই | নেই | নেই |
| ১১. | চাঁদপুর | নারায়ণপুর | ৩০ এপ্রিল ২০১৩ তারিখে নারায়ণপুর পৌরসভা গঠিত হয়। এ পৌরসভার ওয়ার্ড বিভিক্তির কার্যক্রম সম্পন্ন হয়নি। | পৌরসভা গঠনের প্রজ্ঞাপনকে চ্যালেঞ্জ করে মাননীয় হাইকোর্ট বিভাগে ৮৪৩৩/২০১০ নং রিট পিটিশন দায়ের করা হয়েছিল। গত ১০ জানুয়ারি ২০২১ তারিখে মামলাটি খারিজ হয়। | নেই | ওয়ার্ডবিভক্তির পর নির্বাচন অনুষ্ঠান করা সম্ভব হবে। |
| ১২. | শরীয়তপুর | গোসাইরহাট | ওয়ার্ড বিভক্তির কার্যক্রম সম্পন্ন | নেই | নেই | নেই |
| ১৩. | সিরাজগঞ্জ | তাড়াশ | ওয়ার্ড বিভক্তির কার্যক্রম সম্পন্ন | নেই | নেই | নেই |

সংযুক্তি: আইন ও বিচার বিভাগ হতে প্রাপ্ত তথ্য

১৬।০৪।২০২৬

মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: +৮৮০২৯৫১৪১৪২
ইমেইল: lgpaura1@lgd.gov.bd

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, প্লট নং ই-১৪/জেড
আগারগাঁও, ঢাকা-১২০৭

[দৃষ্টি আকর্ষণ: উপসচিব (নির্বাচন পরিচালনা-২ অধিশাখা)]

অনুলিপি:

১. সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: সলিসিটর অনুবিভাগ, রিট-২ শাখা]
২. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
ডায়েরি নং ঃ
তারিখঃ ৫/৪/২৩
স্বাক্ষর

৫৫১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন ও বিচার বিভাগ
সলিসিটর অনুবিভাগ, রিট-২ শাখা
অ্যাটর্নি জেনারেল ও সলিসিটর ভবন
বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা।

নং-১০.০০.০০০০.১৩৫.৩৩.০০৩.২০২৩ (রিট-২)-২৬, তারিখ : ০৩/০৪/২০২৩ খ্রিঃ।

বিষয় ঃ রিট পিটিশন নং ৮২০৯/২০১৪, ১২৪৫৮/২০১৫, ৯৬৪৭/২০১৬, ১৫৪৭/২০২০, ৯৭৪/২০২০, ৪৬১৩/২০২১, ৫৫০৯/২০২২, ৩১৭১/২০০৯, ৪৩১৩/২০১৪, ১০৬৪০/২০১৫, ১০৪১৭/২০১৭, ৭৪২৫/২০১৩, সিভিল রিভিশন নং ২৫৫১/২০০৬ এবং সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং ১২৭৪/২০২০ মামলাসমূহের প্রেক্ষিতে নরসিংদী জেলার শিবপুর, পৌরসভা চট্টগ্রাম জেলার দোহাজারী পৌরসভা, পিরোজপুর জেলার ভান্ডারিয়া ও মঠবাড়ীয়া পৌরসভা, হবিগঞ্জ জেলার আজমিরীগঞ্জ পৌরসভা, চাঁদপুর জেলার ছেংগারচর পৌরসভা, কুমিল্লা জেলার দেবিদ্বার পৌরসভা এবং যশোর জেলার বেনাপোল পৌরসভাসমূহে নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে আইনগত কোনও প্রতিবন্ধকতা আছে কি না সে বিষয়ে আইনগত মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র: ৪৬.০০.০০০০.০২০.০৪.০০৪.১৪-১৮১২, তারিখ: ২৮.১২.২০২২, স্থানীয় সরকার বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার ভান্ডারিয়া পৌরসভা, চাঁদপুর জেলার ছেংগারচর পৌরসভা, কুমিল্লা জেলার দেবিদ্বার পৌরসভা এবং যশোর জেলার বেনাপোল পৌরসভা সংক্রান্তে দায়েরকৃত মামলাসমূহের মধ্যে রিট পিটিশন নং ১৫৪৭/২০২০, ৪৬১৩/২০২১,৩১৭৩/২০০৯ ও ৯৬৪৭/২০১৬ চূড়ান্ত নিষ্পত্তি হওয়ায় এবং রিট পিটিশন নং ৪৩১৩/২০১৪, ১০৪১৭/২০১৭, ১০৬৪০/২০১৫, ৯৭৪/২০২০ ও ৫৫০৯/২০২২ মাননীয় হাইকোর্ট বিভাগে এবং সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং ১২৭৪/২০২০ (রিট পিটিশন নং ৩১৭১/২০০৯ হতে উদ্ভূত) মাননীয় আপীল বিভাগে শুনানীর অপেক্ষায় (Pending) থাকলেও উক্ত মামলাসমূহে কোনরূপ স্থগিতাদেশ/অন্তর্বর্তীকালীন আদেশ না থাকায় বর্ণিত পৌরসভাসমূহের নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে এ পর্যায়ে আইনগত কোনও প্রতিবন্ধকতা পরিলক্ষিত হয়না। তবে মাননীয় আপীল বিভাগ ও মাননীয় হাইকোর্ট বিভাগে শুনানীর অপেক্ষায় (Pending) থাকা মামলাসমূহে পরবর্তীতে ভিন্নরূপ কোনও আদেশ প্রচারিত হলে প্রত্যাশী বিভাগ তা মানতে বাধ্য থাকবে। অন্যদিকে নোটানুচ্ছেদ ১০ এর আলোচনার আলোকে নরসিংদী জেলার শিবপুর পৌরসভা, চট্টগ্রাম জেলার দোহাজারী পৌরসভা, পিরোজপুর জেলার মঠবাড়ীয়া পৌরসভা ও হবিগঞ্জ জেলার আজমিরীগঞ্জ পৌরসভা সংক্রান্তে দায়েরকৃত রিট পিটিশন নং যথাক্রমে ৮২০৯/২০১৪, ১২৪৫৮/২০১৫, ৭৪২৫/২০১৩ ও সিভিল রিভিশন নং ২৫৫১/২০০৬ সংক্রান্ত কোনও তথ্য মাননীয় হাইকোর্ট বিভাগের সংশ্লিষ্ট শাখা হতে পাওয়া যায়নি বিধায় এ মুহুর্তে উক্ত মামলাসমূহের হালনাগাদ তথ্য বা এ বিষয়ে মতামত প্রদান করা সম্ভব হচ্ছে না। তবে উক্ত মামলাসমূহের হালনাগাদ তথ্য প্রাপ্তি সাপেক্ষে প্রত্যাশী বিভাগ-কে জানিয়ে দেয়া হবে।

০৩.০৪.২৩


(মোঃ রবিউল আউয়াল)
সহকারী সচিব (রিট-২)
ফোন-৫৫১১০৩৯৩ (অফিস)


সচিব
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

[দৃষ্টি আঃ উপসচিব, আইন-১]

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ ৪/৪/২৩
নম্বর ৩৪৪